



দিশা'য় নিয়োগ বিজ্ঞপ্তি

ডেভেলাপমেন্ট ইনিশিয়েটিভ ফর সোশাল এডভান্সমেন্ট (দিশা) জাতীয় পর্যায়ের একটি বেসরকারি উন্নয়ন সংস্থা (এমআরএ সনদ নং-০১৩০৬-০০৪৮০-০০০২৪) বিগত ৩০ বছর যাবৎ দারিদ্র্য বিমোচনে ক্ষুদ্রঋণ এবং অন্যান্য উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। সংস্থাটি বর্তমানে দেশের ১৯ টি জেলায় ১০২ টি শাখার মাধ্যমে দরিদ্র জনসাধারণের জীবনমান উন্নয়নের লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করছে। বর্তমানে পিকেএসএফ ও বিভিন্ন সরকারি-বেসরকারি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের সহায়তায় পরিচালিত ক্ষুদ্রঋণ কার্যক্রম বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের যে কোন অঞ্চলে গ্রামীণ জনগোষ্ঠির সাথে কাজ করতে আগ্রহী প্রার্থীদের নিম্নবর্ণিত পদে নিয়োগ করা হবে। নির্বাচিত প্রার্থীদের সরাসরি মাঠ পর্যায়ে সদস্য নির্বাচন করে গ্রামীণ জনগোষ্ঠির মধ্যে ঋণ বিতরণ, আদায় ও সঞ্চয় কার্যক্রম পরিচালনা করতে হবে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও সর্বোচ্চ বয়স সীমা	বেতন ও ভাতাদি		
				প্রশিক্ষণকাল ১ মাস	শিক্ষানবীশ কাল ৬ মাস	৬ মাস পর স্থায়ীকরণ হলে
০১	সিনিয়র ক্রেডিট অফিসার- গ্রেড-০৩	মোট ৩০০ জন	স্নাতকোত্তর ও বয়স ২৪-৩৫ বছর	১৯,০০০/-	২১,৫০০/-	২৬,২২০/-
০২	ক্রেডিট অফিসার গ্রেড-০১		স্নাতক (সম্মান) ডিগ্রী ও বয়স ২৪-৩৫ বছর	১৮,০০০/-	২০,৫০০/-	২৫,৪০০/-
০৩	ক্রেডিট অফিসার গ্রেড-০২		স্নাতক/সমমান ও বয়স ২৪-৩৫ বছর	১৭,০০০/-	১৯,৫০০/-	২৪,১৪০/-
০৪	সহকারী শাখা ব্যবস্থাপক-কাম- হিসাবরক্ষক (এসসিও)	৬০ জন	বানিজ্যে স্নাতকোত্তর ও বয়স সর্বোচ্চ ৩৫ বছর সংশ্লিষ্ট পদে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	—	২৪,০০০/-	২৭,৫০০/-

সংস্থায় কর্মীদের জন্য পিএফ, পিএফ এর বিপরীতে ঋণের সুবিধা, স্থায়ীকরণের ৫(পাঁচ) বছর পর থেকে গ্রাচুইটি, বছরে ২০ দিন স্ব-বেতনে অর্জিত ছুটি, চিকিৎসা ও বীমা সুবিধা, বছরে ২ টি উৎসব ভাতা, বাংলা নববর্ষ ভাতা, লং সার্ভিস বেনিফিট, বিবাহভাতা, মোবাইল বিল,বাই-সাইকেল/মোটর সাইকেল মেরামত, মহিলা কর্মীদের জন্য বিশেষ যাতায়াত ভাতা,স্ববেতনে ৬ (ছয়) মাস মাতৃত্বকালীন ছুটি, স্ববেতনে পিতৃত্বকালীন ৭ (সাত) দিন ছুটি, বছরে ১২ দিন স্ববেতনে নৈমিত্তিক ছুটি, বছরে ১৫ দিন স্ববেতনে মেডিকেল ছুটি, বদলীকালীন পরিবারসহ বাসস্থান স্থানান্তর খরচ, স্বল্প মূল্যে আবাসন সুবিধা এবং অন্যান্য সুযোগ সুবিধা বিদ্যমান (যেমন, কাজের মূল্যায়নের ভিত্তিতে বিভিন্ন ধরনের প্রণোদনা ও পদোন্নতি)। আগ্রহী প্রার্থীগণকে শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয় পরিচয় পত্র (NID) এর ফটোকপি, সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি, বৈধ ড্রাইভিং লাইসেন্সের কপি (প্রয়োজ্য ক্ষেত্রে) ও মোবাইল নাম্বারসহ দরখাস্ত আগামী ১৪.০৩.২০২৪ তারিখের মধ্যে পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) দিশা, ই/১০, বর্ষিত পল্লবী, মিরপুর সাড়ে এগার, ঢাকা-১২১৬ এই ঠিকানায় ডাকযোগে/কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে প্রেরণ করতে হবে।

খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে। **শর্তাবলীঃ**

- ক্রমিক নং-০১,০২ ও ০৩ এ নির্বাচিত প্রার্থীদের মাঠ পর্যায়ে দায়িত্ব পালনের জন্য অবশ্যই বাই-সাইকেল/মোটর সাইকেল ব্যবহার করতে হবে।
- নির্বাচিত প্রার্থীদের যোগদানের সময় ফেরতযোগ্য জামানত বাবদ ০১, ০২ ও ০৩ নং ক্রমিকে উল্লেখিত প্রার্থীদের ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং ০৪ নং ক্রমিকের প্রার্থীদের ১৫,০০০/- (পনের হাজার) টাকা জমা দিতে হবে।
- ক্রমিক নং-০৪ এ নির্বাচিত প্রার্থীদের দায়িত্ব পালনের জন্য অবশ্যই মোটর সাইকেল ব্যবহার করতে হবে এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে। উক্ত পদে নির্বাচিত প্রার্থীদের মোটর সাইকেল ঋণ প্রদান করা হবে এবং প্রতি কিলোমিটার ৪.০০ টাকা হারে জ্বালানী বিল দেয়া হবে।
- যোগদানের সময় সকল পদে নির্বাচিত প্রার্থীদের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নির্ধারিত নিশ্চয়তাকারী কর্তৃক নিশ্চয়তা দিতে হবে যিনি প্রয়োজনে প্রার্থীর সকল আর্থিক দায়-দায়িত্ব বহন করবেন।
- কোন ধরনের মামলায় জড়িতদের আবেদন করার প্রয়োজন নাই। বিঃ দ্রঃ- নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত ও শর্ত পরিবর্তনের ক্ষমতা সংস্থা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

“বিজ্ঞপ্তিটি সংস্থার ওয়েবসাইট www.disabd.org তে দেখা যাবে”।